



“শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
কানাইঘাট, সিলেট।

web : www.dwa.kanaighat.sylhet.gov.bd
E-mail- uwakanaighat@gmail.com

স্মারক নংঃ উমবিবককা/কানাই/সিলে/আইজিএ/ভর্তি/২০২০- ৪২

তারিখঃ ২০/০২/২০২০ খ্রিঃ

প্রশিক্ষণার্থী ভর্তি বিজ্ঞপ্তি (৯ম ব্যাচ, এপ্রিল/২০২০ হতে জুন/২০২০)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র কার্যালয়ের উপজেলা মহিলা প্রশিক্ষণ কেন্দ্রে "উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ" প্রকল্পের আওতায় (আইজিএ) নিম্নোক্ত ট্রেড সমূহে এপ্রিল/২০২০ হতে জুন/২০২০ পর্যন্ত ৯ম ব্যাচে ভর্তির জন্য প্রকৃত বেকার, দুঃস্থ, বিধবা, অসহায় ও স্বামী পরিত্যক্তা মহিলাদের নিকট হতে Online- এ আবেদন আহ্বান করা যাচ্ছে।

প্রশিক্ষণ কোর্সের বিবরণ

ক্রমিক নং	ট্রেড কোর্সের নাম	আসন সংখ্যা	কোর্সের মেয়াদ	যোগ্যতা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
০১	টেইলারিং	২৫	০৩ মাস মেয়াদী ৬০ দিন ব্যাপী	দরিদ্র ও সুবিধা বঞ্চিত নারী	
০২	ব্লক বাটিক	২৫	সর্বমোট: ৩৬০ ঘন্টা		

ভর্তি সংক্রান্ত নিয়মাবলী/শর্তাবলী

- ০১। প্রশিক্ষণে ভর্তি ইচ্ছুক প্রার্থীর বয়স ১৬-৪৫ বছরের মধ্যে হতে হবে।
- ০২। প্রশিক্ষণে ভর্তি ইচ্ছুক প্রার্থী কে (iga.dwa.gov.bd) ওয়েবসাইটের মাধ্যমে Online-এ আবেদন করতে হবে। আবেদনের জন্য কোন ফি জমা দিতে হবে না।
- ০৩। Online-এ আবেদনপত্র পূরণের তারিখ ও সময় ২৩/০২/২০২০ খ্রিঃ হতে সকাল ৯.০০ টা হতে ২২/০৩/২০২০ খ্রিঃ রাত ১২.০০ টা পর্যন্ত।
- ০৪। Online-এ আবেদনপত্রে প্রার্থীর রজিন ছবি(দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৩০০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করতে হবে। Upload কৃত ছবির সাইজ সর্বোচ্চ 300 KB হতে হবে।
- ০৫। Online-এ আবেদন সম্পন্ন করে আবেদন পত্র আবশ্যিক ভাবে PDF ভাঙ্গনে ডাউনলোড করে ০২(দুই) কপি প্রিন্ট করতে হবে এবং প্রিন্ট কপিতে প্রার্থী স্বহস্তে স্বাক্ষর পূর্বক ০২(দুই) কপি উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, কানাইঘাট, সিলেট এর নিকট জমা দিতে হবে।
- ০৬। প্রিন্ট কৃত আবেদনপত্রের সহিত ০৩(তিন) কপি রজিন ছবি, জন্ম নিবন্ধন/ জাতীয় পরিচয়পত্র, নাগরিকত্ব সনদপত্র ও সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত ০১(এক) সেট ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ০৭। Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও নির্ধারিত তারিখে প্রিন্ট কপি ও ৬নং কলামে উল্লেখিত কাগজপত্র সংযুক্ত করে জমা না দিলে আবেদন গ্রহণযোগ্য হবে না। আবেদন কপি ও কাগজপত্র জমা প্রদানের শেষ তারিখ ২৩/০৩/২০২০ খ্রিঃ।
- ০৮। ছবি ও স্বাক্ষরবিহীন কোন আবেদন পত্র গ্রহণ করা হবে না।
- ০৯। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সফলভাবে প্রশিক্ষণ সমাপ্তে প্রতিদিনের হাজিরার জন্য ১০০/- (একশত) টাকা করে ৬০(ষাট) দিনের প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে।
- ১০। প্রশিক্ষণে ভর্তি ইচ্ছুক প্রার্থীর সাথে যোগাযোগের জন্য Online-এ আবেদনপত্র পূরণের সময় সঠিক ও সচল মোবাইল নম্বর প্রদান করতে হবে।
- ১১। Online-এ আবেদনপত্র বাংলায়(ইউনিকোড) পূরণ করতে হবে (কেবলমাত্র ইংরেজীতে পূরণের নির্দেশনা ব্যতিরেক)।
- ১২। মৌখিক/বাছাই পরীক্ষার তারিখ, সময়, ও চূড়ান্ত ফলাফল অত্র কার্যালয়ের নোটিশ বোর্ড, ওয়েবসাইট (www.dwa.kanaighat.sylhet.gov.bd) প্রকাশ করা হবে এবং এস.এম.এস(SMS) এর মাধ্যমে জানানো হবে।
- ১৩। প্রশিক্ষণার্থী বাছাই ও ভর্তির ক্ষেত্রে উপজেলা প্রশিক্ষণার্থী নির্বাচন/বাছাই কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় প্রশিক্ষণার্থী ভর্তি প্রক্রিয়া স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১৪। বিজ্ঞপ্তিতে বর্ণিত আসন সংখ্যা হ্রাস/বৃদ্ধি বা ট্রেড বাতিল/সংশোধন বা সংযোজন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ১৫। নির্ধারিত সময়ের মধ্যে Online-এ আবেদন করা না হলে পরবর্তীতে কোনক্রমেই কোন আবেদন গ্রহণ করা হবে না।
- ১৬। মৌখিক/বাছাই পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার যাতায়াত ভাতা বা টিএ/ডিএ প্রদান করা হবে না।

২০/০২/২০২০

(সৌমিত্র কর্মকার)
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা(অঃদাঃ)
কানাইঘাট, সিলেট।